রাজশাহী জেলার **সেপ্টেম্বর** ২০২০ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : আব্দুল জলিল
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

স্থান : সভা কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
সভার তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি.
সময় : সকাল ১১: ০০ ঘটিকা.

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হলো)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর সভাপতির নির্দেশক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিগত ০৮ মার্চ ২০২০ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ আজকের সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	রাজশাহী জেলা ও মহানগরীতে সংঘটিত অপরাধ চিত্রের পর্যালোচনা	১.১. সভাপতির নির্দেশক্রমে জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত তথ্য (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, মার্চ ২০২০ মাসে পূর্ববর্তী মাসের (জুলাই ২০২০) চেয়ে ২৪টি অপরাধ বৃদ্ধি পেয়েছে এবং গত বছরের অনুরূপ মাসের চেয়ে ৮৭টি অপরাধ হ্রাস পেয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত ৮৬টি এবং চোরাচালান সংক্রান্ত ১০টি মামলা দায়ের হয়েছে। রাজশাহী জেলায় আগস্ট ২০২০ মাসে ০৪টি হত্যাকাণ্ড সংঘটিত হয় এবং ধর্ষণের ঘটনা ঘটেছে ১২টি। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয় যে, ধর্ষণের ঘটনার তদন্ত চলছে। ঘটনার সাথে জড়িতের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।	১.১.১. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সার্বক্ষণিক সতর্ক এবং সজাগ থাকতে হবে। দায়েরকৃত মামলাসমূহের যথাযথ তদন্ত করতে অনুরোধ করা হলো। হত্যাকান্ড ও ধর্ষণের বিষয়ে অতি দ্রুততার সাথে দোষীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা সভায় অবগত করতে অনুরোধ করা হয়। ১.১.২. জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা পুলিশের তৎপরতা বৃদ্ধিসহ কার্যকরী ভূমিকা পালন করতে অনুরোধ করা হলো।	১. পুলিশ কমিশনার রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী ২. অধিনায়ক র‍্যাব-৫, রাজশাহী ৩. পুলিশ সুপার রাজশাহী ৪. যুগ্ম পরিচালক, এন.এস.আই, রাজশাহী ৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী ৬. উপ-পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
		১.২. অতঃপর সভাপতির অনুমতিক্রমে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত তথ্য (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট ২০২০ মাসে পূর্ববর্তী মাসের (জুলাই ২০২০) তুলনায় ১২৮টি অপরাধ বৃদ্ধি পেয়েছে এবং গত বছরের অনুরূপ মাসের চেয়ে ১৬৮টি অপরাধ হ্রাস পেয়েছে। মহানগরীতে চোরাচালান সংক্রান্ত ১৪টি ও মাদকদ্রব্য সংক্রান্ত ১৫৭টি মামলা দায়ের হয়েছে এবং মহানগরীতে ০১টি হত্যাকান্ড ঘটেছে। এছাড়া ধর্ষণের ঘটনা ঘটেছে ০৬টি। মহানগর পুলিশের পক্ষ থেকে জানানো হয় যে, ঘটনাগুলোর তদন্ত চলছে। ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় আনা হবে।	১.২.১. রাজশাহী মহানগরীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মহানগর পুলিশ, রাজশাহীকে সক্রিয় থাকাসহ গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি করতে অনুরোধ করা হলো। ১.২.২. হত্যাকান্ড ও ধর্ষণের বিষয়ে অতি দ্রুততার সাথে দোষীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা সভায় অবগত করতে অনুরোধ করা হয়।	
০২.	তদন্তাধীন মামলা ও গ্রেপ্তারি পরোয়ানা নিষ্পত্তি অগ্রগতির পর্যালোচনা	২.১. সভাপতির নির্দেশক্রমে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য (পরিশিষ্ট- ঘ ও ঙ) পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট ২০২০ মাসে মোট ৮৮০টি তদন্তাধীন মামলার মধ্যে ২২২টি মামলা এবং ৩৮০১টি গ্রেপ্তারি পরোয়ানার মধ্যে ১৮৭টি গ্রেপ্তারি পরোয়ানা নিষ্পত্তি হয়েছে। তদন্তাধীন মামলা দ্রুত তদন্ত করে এবং অনিষ্পন্ন গ্রেফতারি পরোয়ানা দ্রুত তামিলের জন্য রাজশাহী মহানগর পুলিশকে অনুরোধ জানান।	২.১.১. দীর্ঘদিনের অনিষ্পন্ন গ্রেপ্তারি পরোয়ানা ও সাজা পরোয়ানার তামিল বৃদ্ধি করতে অনুরোধ করা হয়। ২.১.২.তদন্তাধীন মামলাসমূহের তদন্ত দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে অনুরোধ করা হয়।	১. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী ২. পুলিশ সুপার রাজশাহী

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১		২.১.১ অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য (পরিশিষ্ট- ঘ ও ঙ) পর্যালোচনায় দেখা যায় আগস্ট ২০২০ মাসে মোট ৬৭৮টি তদন্তাধীন মামলার মধ্যে ১৬৫টি মামলার তদন্ত এবং ৪৭২৪টি গ্রেপ্তারি পরোয়ানার মধ্যে ৬১টি গ্রেপ্তারি পরোয়ানা নিষ্পত্তি হয়েছে। তদন্তাধীন মামলাসমূহের তদন্ত এবং অনিষ্পন্ন গ্রেফতারি পরোয়ানা দ্রুত নিষ্পত্তি করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়।	২.১.১. সাজা পরোয়ানা ও গ্রেপ্তারি পরোয়ানার তামিল বৃদ্ধি করতে এবং দীর্ঘদিনের সাজা ও গ্রেপ্তারি পরোয়ানা দ্রুত নিষ্পত্তির ও তদন্তাধীন মামলাসমূহের তদন্ত দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	১. পুলিশ সুপার রাজশাহী
০৩.	নারী ও শিশু পাচার সংক্রান্ত পর্যালোচনা	৩.১. রাজশাহী মহানগর ও জেলার উপস্থাপিত অপরাধ চিত্র (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ৪টি অপরাধ সংঘটিত হয়েছে। যা গত মাসের নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধের সংখ্যার সমান। সভাপতি নারী ও শিশুদের প্রতারণামূলকভাবে পাচার রোধে সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিজিবিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য এবং গ্রামের সাধারণ মানুষ যাতে কোন ধরণের প্রতারণার শিকার না হয় সে লক্ষ্যে সীমান্তবর্তী উপজেলাসমূহে প্রতিমাসে নারী ও শিশু পাচার রোধে জনসচেতনতামূলক সভার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া নারী ও শিশু পাচার রোধে মোবাইল কোর্টের অভিযান ও টাস্কফোর্সের অভিযান পরিচালনা করার জন্যও সভায় আলোচনা হয়।	৩.১.১. নারী ও শিশু পাচার রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিজিবিকে সতর্ক দৃষ্টি রাখতে অনুরোধ করা হয়। ৩.১.২.সীমান্তবর্তী উপজেলাসমূহে নিয়মিত নারী ও শিশু পাচার রোধ সংক্রান্ত জনসচেতনতামূলক সভা করার জন্য অনুরোধ করা হয়।	১. অধিনায়ক, ১ ব্যাটালিয়ন, বিজিবি, রাজশাহী ২. পুলিশ সুপার রাজশাহী ৩. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট) উপজেলা, রাজশাহী
০৪.	জঘন্য অপরাধসমূহ নিয়ন্ত্রণ সম্পর্কিত আলোচনা	৪.১. রাজশাহী মহানগর ও জেলার উপস্থাপিত অপরাধ চিত্র (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মাসে মহানগর এবং জেলায় ০৫টি হত্যাকান্ড সংঘটিত হয়। এছাড়া রাজশাহী জেলায় ১২টি এবং মহানগরীতে ০৬ টি ধর্ষণের ঘটনা ঘটেছে। হত্যা ও ধর্ষণের ঘটনার সুষ্ঠু তদন্ত অন্তে দোষীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় আলোচনা হয়। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হলে এ ধরণের অপরাধের প্রবণতা অনেকটা হ্রাস পাবে। বিষয়টি সকল উপজেলা নির্বাহী অফিসারকে মনিটরিং করার জন্যও আলোচনা হয়।	৪.১.১. ধর্ষণের ঘটনার সুষ্ঠু তদন্ত অন্তে দোষীদের গ্রেপ্তার করে দৃষ্টান্ত মূলক শাস্তির ব্যবস্থা করতে এবং বিষয়টি সকল উপজেলা নির্বাহী অফিসারকে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান হয়।	১. পুলিশ কমিশনার রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী ২. পুলিশ সুপার রাজশাহী ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) উপজেলা, রাজশাহী
০৫.	মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত আলোচনা	৫.১. রাজশাহী মহানগর ও জেলায় মোবাইল কোর্ট পরিচালিত তথ্য (পরিশিষ্ট-চ) পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মাসে মহানগরসহ জেলায় মোট ১৫৭টি মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করা হয়েছে। এছাড়া মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করে মোট ৫৬৬টি মামলা দায়ের করা হয়েছে এবং ৫৩ জনকে কারাদন্ড প্রদান করা হয়েছে। তাছাড়াও অভিযান পরিচালনা করে ৩,৪৯,৫৬০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। মোবাইল কোর্টের তফসিলভুক্ত সকল আইনে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক প্রয়োগসিদ্ধভাবে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখাসহ ই-মোবাইল কোর্ট সিস্টেমে মোবাইল কোর্ট পরিচালনার তথ্য অতি আবশ্যিকভাবে আপলোড করার জন্য সভায় আলোচনা করা হয়। ৫.২. সভায় বলা হয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মোবাইল কোর্টের অভিযান পরিচালনার মাধ্যমে প্রতি মাসে অন্তত: ২০ টি মামলা দায়ের করতে হবে। এছাড়া ইভটিজিং (যৌন হয়রানি) ও বাল্য বিবাহ প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনার গুরুত্ব নিয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়।	৫.১.১. যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক প্রয়োগসিদ্ধভাবে মোবাইল কোর্ট আইনের তফসিলভুক্ত আইনসমূহে নির্ধারিত প্রমাপ মতে মোবাইল কোর্ট পরিচালনা করতে এবং ই-মোবাইল কোর্ট সিস্টেমে মোবাইল কোর্ট পরিচালনার তথ্য আবশ্যিকভাবে আপলোড করতে অনুরোধ করা হয়। ৫.২.১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মাসে অন্তত ২০ টি মামলা মোবাইল কোর্টের মাধ্যমে দায়ের করে সর্বোচ্চ সাজা নিশ্চিত করতে এবং ইভটিজিং (যৌন হয়রানি) ও বাল্য বিবাহ প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা করতে অনুরোধ জানানো হয়।	১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা, রাজশাহী ৩ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), রাজশাহী